গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড

এবং

সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-এর মধ্যে

স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

## সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১২

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৩

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৪

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৫

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

সাম্প্রতিক বছরসমূহে (৩ বছর) ৯১,৫১৩ সিকেএম (Conductor Kilometre) টেলিযোগাযোগ কপার ক্যাবল; ৩৫,৯১০ কিঃমিঃ অপটিক্যাল ফাইবার ক্যাবল; ১০,১৩৬ কিঃমিঃ এইচডিপিই (High Density Polyethylene) ডাক্ট এবং ৮৩৪ মেট্রিক টন বৈদ্যুতিক কপার ক্যাবল উৎপাদনপূর্বক সরবরাহ করা হয়েছে। যার পরিপ্রেক্ষিতে বাকেশি মোট ৮৪.৭৩ কোটি টাকা লাভ করেছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

দেশীয় বাজারে অপটিক্যাল ফাইবার ক্যাবলের প্রচুর চাহিদা রয়েছে। বাকেশি'র পাশাপাশি দেশে এখন বেশ কয়েকটি বেসরকারি প্রতিষ্ঠান স্বল্প কোরের অপটিক্যাল ফাইবার ক্যাবল তৈরি করছে। অপটিক্যাল ফাইবার ক্যাবলের কাঁচামালের আমদানি ব্যয় বেশি ও ক্রয় প্রক্রিয়া জনিত কারণে আমদানী মূল্য বেড়ে যাওয়ায় বাকেশি'র পক্ষে দেশের অধিকাংশ চাহিদা পূরণের সক্ষমতা থাকার পরও ফিনিশড্ ক্যাবলের উৎপাদন ব্যয় বেড়ে যাওয়ায় স্বল্প কোরের ক্যাবলের ক্ষেত্রে প্রতিযোগিতায় টিকে থাকা কষ্টকর হয়ে দাঁড়িয়েছে। অন্যদিকে, উচ্চ কোরের অপটিক্যাল ফাইবার ক্যাবল লেইংয়ের সাথে ডাক্ট সরাসরি জড়িত থাকায় ক্যাবলের চাহিদা হ্রাস পেলে ডাক্টের চাহিদাও কমে যাবে। দেশের টেলিযোগাযোগ অবকাঠামো উন্নয়নে টেলিযোগাযোগ কপার ক্যাবলের পরিবর্তে অপটিক্যাল ফাইবার ক্যাবল ব্যবহার বৃদ্ধি পাওয়ায় বর্তমানে কেবলমাত্র কিছু কিছু মেরামত ও রক্ষণাবেক্ষণ ছাড়া নেটওয়ার্ক সম্প্রসারণে আর কপার ক্যাবল ব্যবহৃত হচ্ছে না। ফলে, টেলিযোগাযোগ কপার ক্যাবলের চাহিদাও উল্লেখযোগ্যহারে হ্রাস পেয়েছে এবং ভবিষ্যতে এ ধারা অব্যাহত থাকবে। ফলে অদূর ভবিষ্যতে টেলিযোগাযোগ কপার ক্যাবলের চাহিদা সীমিত হয়ে আসবে। অন্যদিকে, বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ও ক্যাবল এর ব্যাপক চাহিদা থাকা সত্ত্বেও সরকারী বিদ্যুৎ বিতরণকারী কোম্পানীগুলোর সরাসরি ক্রয়ে অনীহার কারণে প্ল্যান্ট পরিচালনায় চ্যালেঞ্জ দেখা দিয়েছে। অদূর ভবিষ্যতে সুপার এনামেলড্ কপার ওয়্যার প্ল্যান্ট স্থাপনের পর একই চ্যালেঞ্জ আসার সম্ভাবনা আছে। এই চ্যালেঞ্জ মোকাবেলায় এবং সংশ্লিষ্ট সরকারি প্রতিষ্ঠান কর্তৃক বাকেশি'র পণ্য সরাসরি ক্রয়ে আগ্রহী ও উৎসাহিত করতে সরকারি সহযোগিতা ও হস্তক্ষেপ দরকার হবে। অন্যথায়, প্ল্যান্ট পরিচালনায় সমস্যার সম্মুখীন হওয়ার সম্ভবনা রয়েছে।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

বর্তমান সরকারের প্রতিশ্রুতি অনুযায়ী স্মার্ট বাংলাদেশ গঠনের সহায়ক হিসেবে উৎপাদন বহুমূখীকরণের মাধ্যমে বিদ্যুৎ সেক্টরসহ বিভিন্ন যন্ত্রপাতিতে বহুল ব্যবহৃত সুপার এনামেলড্ কপার ওয়্যার তৈরীর প্লান্ট স্থাপন; বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ও ক্যাবল প্ল্যান্টের উৎপাদন সক্ষমতা বৃদ্ধির জন্য নতুন মেশিনারীজ ও টেষ্ট ইক্যুইপমেন্ট সংযোজন; ১১ ও ৩৩ কেভি পর্যন্ত আন্ডারগ্রাউন্ড পাওয়ার ক্যাবল উৎপাদনের জন্য মেশিনারীজ স্থাপন; পিগটেইল ও প্যাচকর্ড তৈরিপূর্বক বাজারজাতকরণ এবং ওয়াসায় সরবরাহের জন্য এইচডিডি ও ওয়াটার পাইপ ও ফিটিংস্ তৈরির ব্যবস্থা সম্পর্কিত কার্যক্রম। সেই সাথে যাতে বৈদ্যুতিক ক্যাবলের কাঁচামাল কীভাবে স্বল্প মূল্যে সংগ্রহ কার যায় সে বিষয়ে গবেষণা কার্যক্রম চলছে যাতে এখাতে প্রতিযোগিতা করে টিকে থাকা যায়।

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ▯ ১২,০০০ কিলোমিটার অপটিক্যাল ফাইবার ক্যাবল উৎপাদন ও সরবরাহ।
- ▯ ১৫,০০০ কন্ডাক্টর কিলোমিটার টেলিকম কপার ক্যাবল উৎপাদন ও সরবরাহ।
- ▯ ২,৩০০ কিলোমিটার এইচডিপিই ডাক্ট উৎপাদন ও সরবরাহ ।
- ▯ ৩২০ মেট্রিক টন বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ও ক্যাবল উৎপাদন ও সরবরাহ।
- ▯ অপটিক্যাল ফাইবার ক্যাবল প্ল্যান্টের উৎপাদন সক্ষমতা বৃদ্ধির জন্য ১টি সেকেন্ডারী কোটিং লাইন এবং ১টি সিথিং লাইন মেশিন স্থাপনসহ সরকারি-বেসরকারি ক্রেতার নিকট থেকে পর্যাপ্ত অর্ডার প্রাপ্তির প্রচেষ্টা ।
- ▯ ১১ ও ৩৩ কেভি ক্ষমতার আন্ডারগ্রাউন্ড পাওয়ার ক্যাবল উৎপাদনের জন্য মেশিনারীজ সংযোজনের লক্ষ্যে সম্ভাব্যতা যাচাই কাজ সম্পন্ন করণ।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড

এবং

সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-এর মধ্যে ২০২৪ সালের ................ মাসের ................ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

"স্মার্ট বাংলাদেশ" গড়ার লক্ষ্যে আধুনিক টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি উন্নয়নের সহায়ক প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

অপটিক্যাল ফাইবার ক্যাবল প্লান্ট, টেলিকম কপার ক্যাবল প্ল্যান্ট ও এইচডিপিই ডাক্ট প্ল্যান্টের উৎপাদন ও সরবরাহ বৃদ্ধি করে এ সংশ্লিষ্ট আমদানি নির্ভরতা কমিয়ে দেশীয় অর্থনীতিতে অবদান রাখা। এছাড়াও দেশে বিদ্যুৎ সেক্টরের উন্নয়নে ক্রমবর্ধমান চাহিদার প্রতি লক্ষ্য রেখে বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ও সার্ভিস ড্রপ ক্যাবল তৈরী ও সরবরাহে অবদান রাখা এবং কারখানার সম্প্রসারণ করে বেকারত্ব দূরীকরণে ভূমিকা রাখার মাধ্যমে "স্মার্ট বাংলাদেশ" গড়তে সহায়ক ভূমিকা পালন করা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. অপটিক্যাল ফাইবার ক্যাবল উৎপাদন ও সরবরাহের মাধ্যমে দেশীয় টেলিযোগযোগ নেটওয়ার্ক উন্নয়ন ও সম্প্রসারণে ভূমিকা রেখে স্মার্ট বাংলাদেশ গঠনে সহায়তা প্রদান।

২. টেলিযোগাযোগ কপার ক্যাবল উৎপাদনপূর্বক সরবরাহের মাধ্যমে দেশীয় নেটওয়ার্ক উন্নয়ন, রক্ষণাবেক্ষণ ও সম্প্রসারণে কার্যকর ভূমিকা রাখা।

৩. আন্তর্জাতিক গুণগতমান বজায় রেখে বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ও ক্যাবল উৎপাদনপূর্বক তা সরবরাহের মাধ্যেম দেশের বিদ্যুৎ সেক্টরে অবদান রাখা।

৪. সরকারের প্রতিশ্রুতি অনুযায়ী দেশীয় অবকাঠামো উন্নয়নে আন্তর্জাতিক মান বজায় রেখে এইচডিপিই ডাক্ট উৎপাদন ও সরবরাহ।

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. সরকারের প্রতিশ্রুতি অনুযায়ী দেশীয় অবকাঠামো উন্নয়নে আন্তর্জাতিক মান বজায় রেখে পণ্য উৎপাদন ও সরবরাহ।
২. প্রাতিষ্ঠানিক ও ব্যবসায়িক উন্নয়ন।
৩. প্রতিষ্ঠানের উৎপাদন বহুমূখীকরণে নানামুখী কার্যক্রম গ্রহণ।
৪. প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ।

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা ২০২৪-২৫ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৫-২০২৬ | ২০২৬-২০২৭ | | |
| বাকেশি'র উৎপাদিত অপটিক্যাল ফাইবার ক্যাবল, টেলিযোগাযোগ কপার ক্যাবল এবং এইচডিপিই ডাক্ট-এর মাধ্যমে দেশীয় টেলিযোগযোগ নেটওয়ার্ক উন্নয়ন, রক্ষণাবেক্ষণ ও সম্প্রসারণে কার্যকর ভূমিকা রাখবে। | অপটিক্যাল ফাইবার ক্যাবল | % | ৬৫ | ৬৮ | ৭০ | ৭৩ | ৭৫ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অধিনস্থ বিটিসিএল, টেলিটক, বিটিআরসি-এর অধিনস্থ বিভিন্ন মোবাইল কোম্পানি, এনটিটিএন, আইএসপি ইত্যাদি। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ওয়েবসাইট/বাজার বিশ্লেষণ/বাকেশি'র পরিকল্পনা, উন্নয়ন ও মান নিয়ন্ত্রণ বিভাগ/বার্ষিক প্রতিবেদন। |
| | টেলিযোগাযোগ কপার ক্যাবল | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ ও বিটিসিএল। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ওয়েবসাইট/বাজার বিশ্লেষণ/বাকেশি'র পরিকল্পনা, উন্নয়ন ও মান নিয়ন্ত্রণ বিভাগ/বার্ষিক প্রতিবেদন। |
| | এইচডিপিই ডাক্ট | % | ৫৫ | ৫৮ | ৬৫ | ৭০ | ৭৫ | ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অধিনস্থ বিটিসিএল, টেলিটক, বিটিআরসি-এর অধিনস্থ বিভিন্ন মোবাইল কোম্পানি, এনটিটিএন, আইএসপি ইত্যাদি। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ওয়েবসাইট/বাজার বিশ্লেষণ/বাকেশি'র পরিকল্পনা, উন্নয়ন ও মান নিয়ন্ত্রণ বিভাগ/বার্ষিক প্রতিবেদন। |
| বাকেশি'র উৎপাদিত বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ও ক্যাবল বিদ্যুৎ পরিচালন ও বিতরণকারী সংস্থাগুলোর সক্ষমতা বৃদ্ধি এবং নেটওয়ার্ক উন্নয়ন ও সম্প্রসারণে ভূমিকা রাখবে। | বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ও ক্যাবল। | % | ২ | ৫ | ৭ | ১০ | ১৫ | বিদ্যুৎ বিভাগের অধিনস্থ বিভিন্ন বিদ্যুৎ সঞ্চালণ/পরিচালন ও বিতরণকারী সংস্থা | সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ওয়েবসাইট/বাজার বিশ্লেষণ/বাকেশি'র পরিকল্পনা, উন্নয়ন ও মান নিয়ন্ত্রণ বিভাগ/বার্ষিক প্রতিবেদন। |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] অপটিক্যাল ফাইবার ক্যাবল উৎপাদন ও সরবরাহের মাধ্যমে দেশীয় টেলিযোগাযোগ নেটওয়ার্ক উন্নয়ন ও সম্প্রসারণে ভূমিকা রেখে স্মার্ট বাংলাদেশ গঠনে সহায়তা প্রদান। | ২০ | [১.১] অপটিক্যাল ফাইবার ক্যাবল উৎপাদন | [১.১.১] উৎপাদিত অপটিক্যাল ফাইবার ক্যাবল | সমষ্টি | কি:মি: | ২০ | ৬৩২৯ | ১০৫০০ | ১২০০০ | ৯০০০ | ৮৫০০ | ৭০০০ | ৫০০০ | ১৩০০০ | ১৪০০০ |
| [২] টেলিযোগাযোগ কপার ক্যাবল উৎপাদনপূর্বক সরবরাহের মাধ্যমে দেশীয় নেটওয়ার্ক উন্নয়ন, রক্ষণাবেক্ষণ ও সম্প্রসারণে কার্যকর ভূমিকা রাখা। | ২০ | [২.১] টেলিযোগাযোগ কপার ক্যাবল উৎপাদন। | [২.১.১] উৎপাদিত টেলিযোগাযোগ কপার ক্যাবল। | সমষ্টি | সিকেএম | ২০ | ২১৪৮৪ | ১১০০০ | ১৫০০০ | ১২০০০ | ১১৫০০ | ১১০০০ | ৯০০০ | ১২০০০ | ১০০০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [৩] আন্তর্জাতিক গুণগতমান বজায় রেখে বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ও ক্যাবল উৎপাদনপূর্বক তা সরবরাহের মাধ্যেম দেশের বিদ্যুৎ সেক্টরে অবদান রাখা। | ১৫ | [৩.১] বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ও ক্যাবল উৎপাদন। | [৩.১.১] কার্যাদেশের প্রেক্ষিতে উৎপাদিত বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ও ক্যাবল | গড় | % | ১০ | ৩২৩ | ৩১২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮০ | ৭০ | ১০০ | ১০০ |
| | | [৩.২] সুপার এনামেল কপার ওয়ার প্লান্ট স্থাপন। | [৩.২.১] সুপার এনামেল কপার ওয়ার প্লান্টের প্রয়োজনীয় মেশিনসমূহ চালুকৃত | তারিখ | তারিখ | ৫ | | | ১০.১২.২৪ | ২০.১২.২৪ | ৩১.১২.২৪ | ৩১.০১.২৫ | ২৮.০২.২৫ | | |
| [৪] সরকারের প্রতিশ্রুতি অনুযায়ী দেশীয় অবকাঠামো উন্নয়নে আন্তর্জাতিক মান বজায় রেখে এইচডিপিই ডাক্ট উৎপাদন ও সরবরাহ। | ১৫ | [৪.১] এইচডিপিই ডাক্ট উৎপাদন। | [৪.১.১] উৎপাদিত এইচডিপিই ডাক্ট | সমষ্টি | কি:মি: | ১৫ | ১৫০০ | ২২৫০ | ২৩০০ | ১৮৫০ | ১৬০০ | ১৪৫০ | ১২০০ | ২৫০০ | ২৮০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় হিসাবে ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ব্যবস্থাপনা পরিচালক<br>বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড | ২৩/০৬/২০২৪<br>তারিখ |
| সচিব<br>ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক,<br>টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় | ২৫.০৬.২০২৪.<br>তারিখ |

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এইচডিপিই(HDPE) | হাই ডেনসিটি পলিইথিলিন (High Density Polyethylene) |
| ২ | এইচডিপিই(HDPE) | হাই ডেনসিটি পলিইথিলিন (High Density Polyethylene) |
| ৩ | এফকেএম (FKM) | ফাইবার কিলোমিটার (Fiber Kilometer) |
| ৪ | এফকেএম (FKM) | ফাইবার কিলোমিটার (Fiber Kilometer) |
| ৫ | ওএফসি (OFC) | অপটিক্যাল ফাইবার ক্যাবল (Optical Fiber Cable) |
| ৬ | ওএফসি (OFC) | অপটিক্যাল ফাইবার ক্যাবল (Optical Fiber Cable) |
| ৭ | কিঃমিঃ (KM) | কিলোমিটার (Kilometer) |
| ৮ | কিঃমিঃ (KM) | কিলোমিটার (Kilometer) |
| ৯ | বাকেশি | বাংলাদেশ কেবল শিল্প |
| ১০ | বাকেশি | বাংলাদেশ কেবল শিল্প |
| ১১ | সিকেএম (CKM) | কন্ডাক্টর কিলোমিটার (Conductor Kilometer) |
| ১২ | সিকেএম (CKM) | কন্ডাক্টর কিলোমিটার (Conductor Kilometer) |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] অপটিক্যাল ফাইবার ক্যাবল উৎপাদন | [১.১.১] উৎপাদিত অপটিক্যাল ফাইবার ক্যাবল | | |
| [২.১] টেলিযোগাযোগ কপার ক্যাবল উৎপাদন। | [২.১.১] উৎপাদিত টেলিযোগাযোগ কপার ক্যাবল। | | |
| [৩.১] বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ও ক্যাবল উৎপাদন। | [৩.১.১] কার্যাদেশের প্রেক্ষিতে উৎপাদিত বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ও ক্যাবল | | |
| [৩.২] সুপার এনামেল কপার ওয়ার প্লান্ট স্থাপন। | [৩.২.১] সুপার এনামেল কপার ওয়ার প্লান্টের প্রয়োজনীয় মেশিনসমূহ চালুকৃত | | |
| [৪.১] এইচডিপিই ডাক্ট উৎপাদন। | [৪.১.১] উৎপাদিত এইচডিপিই ডাক্ট | | |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| অপটিক্যাল ফাইবার ক্যাবল উৎপাদন | উৎপাদিত অপটিক্যাল ফাইবার ক্যাবল | বাংলাদেশ টেলিকমিউনিকেশনস কোম্পানি লিমিটেড | উৎপাদিত অপটিক্যাল ফাইবার এর পর্যাপ্ত ক্রয়াদেশ প্রদান |
| টেলিযোগাযোগ কপার ক্যাবল উৎপাদন। | উৎপাদিত টেলিযোগাযোগ কপার ক্যাবল। | বাংলাদেশ টেলিকমিউনিকেশনস কোম্পানি লিমিটেড | উৎপাদিত টেলিকমিউনিকেশন কপার ক্যাবল এর পর্যাপ্ত ক্রয়াদেশ প্রদান |
| এইচডিপিই ডাক্ট উৎপাদন। | উৎপাদিত এইচডিপিই ডাক্ট | বাংলাদেশ টেলিকমিউনিকেশনস কোম্পানি লিমিটেড | উৎপাদিত এইচডিপিই ডাক্ট এর পর্যাপ্ত ক্রয়াদেশ প্রদান |
| টেলিযোগাযোগ কপার ক্যাবল উৎপাদন। | উৎপাদিত টেলিযোগাযোগ কপার ক্যাবল। | বাংলাদেশ সেনাবাহিনী | উৎপাদিত কপার ক্যাবল এর পর্যাপ্ত ক্রয়াদেশ প্রদান |
| অপটিক্যাল ফাইবার ক্যাবল উৎপাদন | উৎপাদিত অপটিক্যাল ফাইবার ক্যাবল | বাংলাদেশ সেনাবাহিনী | উৎপাদিত অপটিক্যাল ফাইবার ক্যাবল এর পর্যাপ্ত ক্রয়াদেশ প্রদান |
| অপটিক্যাল ফাইবার ক্যাবল উৎপাদন | উৎপাদিত অপটিক্যাল ফাইবার ক্যাবল | বাংলাদেশ বিমান বাহিনী | উৎপাদিত অপটিক্যাল ফাইবার ক্যাবল এর পর্যাপ্ত ক্রয়াদেশ প্রদান |
| টেলিযোগাযোগ কপার ক্যাবল উৎপাদন। | উৎপাদিত টেলিযোগাযোগ কপার ক্যাবল। | বাংলাদেশ বিমান বাহিনী | উৎপাদিত কপার ক্যাবল এর পর্যাপ্ত ক্রয়াদেশ প্রদান |
| অপটিক্যাল ফাইবার ক্যাবল উৎপাদন | উৎপাদিত অপটিক্যাল ফাইবার ক্যাবল | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল | উৎপাদিত অপটিক্যাল ফাইবার ক্যাবল এর পর্যাপ্ত ক্রয়াদেশ প্রদান |
| এইচডিপিই ডাক্ট উৎপাদন। | উৎপাদিত এইচডিপিই ডাক্ট | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল | উৎপাদিত এইচডিপিই ডাক্ট এর পর্যাপ্ত ক্রয়াদেশ প্রদান |
| বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ও ক্যাবল উৎপাদন। | কার্যাদেশের প্রেক্ষিতে উৎপাদিত বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ও ক্যাবল | বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | উৎপাদিত বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ও ক্যাবল এর পর্যাপ্ত ক্রয়াদেশ প্রদান |
| বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ও ক্যাবল উৎপাদন। | কার্যাদেশের প্রেক্ষিতে উৎপাদিত বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ও ক্যাবল | বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড | উৎপাদিত বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ও ক্যাবল এর পর্যাপ্ত ক্রয়াদেশ প্রদান |
| বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ও ক্যাবল উৎপাদন। | কার্যাদেশের প্রেক্ষিতে উৎপাদিত বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ও ক্যাবল | ওয়েষ্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লি. | উৎপাদিত বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ও ক্যাবল এর পর্যাপ্ত ক্রয়াদেশ প্রদান |
| বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ও ক্যাবল উৎপাদন। | কার্যাদেশের প্রেক্ষিতে উৎপাদিত বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ও ক্যাবল | নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিমিটেড | উৎপাদিত বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ও ক্যাবল এর পর্যাপ্ত ক্রয়াদেশ প্রদান |
| বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ও ক্যাবল উৎপাদন। | কার্যাদেশের প্রেক্ষিতে উৎপাদিত বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ও ক্যাবল | ঢাকা ইলেক্ট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড | উৎপাদিত বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ও ক্যাবল এর পর্যাপ্ত ক্রয়াদেশ প্রদান |
| বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ও ক্যাবল উৎপাদন। | কার্যাদেশের প্রেক্ষিতে উৎপাদিত বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ও ক্যাবল | ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউসন কোম্পানি লিমিটেড | উৎপাদিত বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ও ক্যাবল এর পর্যাপ্ত ক্রয়াদেশ প্রদান |
| অপটিক্যাল ফাইবার ক্যাবল উৎপাদন | উৎপাদিত অপটিক্যাল ফাইবার ক্যাবল | বাংলাদেশ রেলওয়ে | উৎপাদিত অপটিক্যাল ফাইবার ক্যাবল এর পর্যাপ্ত ক্রয়াদেশ প্রদান |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ